ilannoor Institute

التَّنَالُ العَرَبِيُّ

"আরবি ভাষায় দক্ষতা" যাচাইমূলক আন্তর্জাতিক সার্টিফিকেশন প্রকল্প 'আত-তানালুল আল-আরাবি', যা আরব বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশনের সহযোগিতায় পরিচালিত।

অধ্যাপক ড.আব্দুর রউফ যুহদি মুসতাফা

- সাবেক সহকারী ভাইস চ্যান্সেলর, মধ্যপ্রাচ্য বিশ্ববিদ্যালয়, জর্ডান।
- সাবেক ডিন, কলা ও মানববিজ্ঞান অনুষদ, মধ্যপ্রাচ্য বিশ্ববিদ্যালয়, জর্ডান।
- সার্টিফাইড আন্তর্জাতিক প্রশিক্ষক, অসলো ইনস্টিটিউট, নরওয়ে
- সদস্য, আরব - আফ্রিকান সংস্থা (একটি সেবামূলক ও মানবিক সংস্থা)
- শিক্ষা বিশেষজ্ঞ, আরব শিক্ষা সংস্থা
- সদস্য, ইউরোপীয় ভাষা পরীক্ষক সমিতি (Association of Language Testers in Europe)
- সদস্য শিক্ষক সমিতি, মধ্যপ্রাচ্য বিশ্ববিদ্যালয়, জর্ডান।

আত তানালের প্রকার



সাফীর



লাব্বাইক



ওয়াফেদ



একডেমি

Office Address: House No: 5, Road No: 4
Block: J (North) Baridhara Gulshan Dhaka.
www.ilannoor.institute
Fb: ilannoor.ins
014-07070269
014-07070270

কেন আপনার জন্য আরবী ভাষায় দক্ষতা ও আন্তর্জাতিক ভাবে স্বীকৃত সনদ প্রয়োজন

আরবি ভাষা বিশ্বের ২০টির বেশি দেশে সরকারি ভাষা হিসেবে ব্যবহৃত হয় এবং এটি প্রায় ৪০০ মিলিয়ন মানুষের মাতৃভাষা। মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা এবং অনেক এশিয়ান দেশসহ বিশ্বের বিভিন্ন অঞ্চলেই আরবি ভাষার গুরুত্ব অপরিসীম। এই ভাষার দক্ষতা অর্জন এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত সনদ লাভ করা আপনার পেশাগত জীবনে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হতে পারে। প্রথমত, আরবি ভাষার মাধ্যমে আপনি ইসলামী জ্ঞান ও ধর্মীয় শিক্ষায় গভীর ধারণা লাভ করতে পারবেন, যা আপনাকে ইসলামিক চিন্তা-ভাবনা ও ধর্মীয় কার্যক্রমে আরও সক্ষম করে তুলবে। পরবর্তীতে, আন্তর্জাতিকভাবে স্বীকৃত সনদ পেলে আপনার উচ্চশিক্ষা ও গবেষণায় প্রবেশের সুযোগ বেড়ে যাবে, বিশেষ করে আরবি ভাষায় বিশেষায়িত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করতে গেলে এটি একটি গুরুত্বপূর্ণ যোগ্যতা হিসেবে বিবেচিত হয়। এই দক্ষতা আপনি সরকারি চাকরি, আন্তর্জাতিক সংস্থা বা বহুজাতিক কোম্পানিতে কাজ করার জন্যও উপযুক্ত হয়ে উঠবেন, যেখানে আরবি ভাষার জ্ঞান অত্যন্ত প্রয়োজনীয়। বিশেষত, মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকায় ব্যবসা ও চাকরির সুযোগগুলো আরো প্রসারিত হবে। এছাড়া, বিভিন্ন আন্তর্জাতিক ব্যবসায়িক সম্পর্ক, কূটনীতি, মানবাধিকার ও উন্নয়ন কর্মকাণ্ডের ক্ষেত্রে আরবি ভাষার দক্ষতা আপনাকে একজন কার্যকরী পেশাজীবী হিসেবে প্রতিষ্ঠিত করতে সাহায্য করবে। ফলেz, আরবি ভাষা জানার মাধ্যমে আপনি শুধু ধর্মীয় নয়, পেশাগত ক্ষেত্রেও ব্যাপক সুযোগ ও সাফল্য অর্জন করতে পারবেন।

আমাদের পরিচয়

'আত-তানালুল আরবি' একটি জর্ডান ভিত্তিক 'আরবি ভাষায় দক্ষতা যাচাইমূলক' আন্তর্জাতিক সার্টিফিকেট প্রদানকারী প্রতিষ্ঠান, যার প্রধান কার্যালয় জর্ডান এ অবস্থিত। এটি বিশ্বের অমুক সংখ্যক দেশে রাষ্ট্রীয় হায়ার ইন্সটিটিউশান, এডুকেশনাল ইন্সটিটিউশন ও অরগেনাইজেশন কর্তৃক স্বীকৃত। 'আত-তানালুল আরবি' এর অভিনব ভাষা শিক্ষা, মূল্যায়ন পদ্ধতি ও নীতি আন্তর্জাতিক ভাষা শিক্ষা পরিমণ্ডলে সমাদৃত তাছাড়াও আত'তানালুল আরবির উদ্ভাবিত পদ্ধতি অসংখ্য দেশ ও প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত।

'আত-তানাল' অর্থ

'আত-তানাল' শব্দ দিয়ে যা বুঝায় :

- আত-তানাল (التنال) আরবি "نيل" ধাতু থেকে নির্গত এর অর্থ: অর্জন করা, বিজয় হওয়া। শব্দটির উদ্ভব হয়েছে: কুরআন কারিমের সূরা আল ইমরানের ৯২তম আয়াত لن تنالوا البر حتى থেকে। আর তা থেকে "تنال" - "তুমি অর্জন করেছ" ক্রিয়াপদটি নেয়া হয়েছে । এ ক্রিয়া পদের শুরুতে 'ال' প্রত্যয় যোগ করে বিশেষ্য হিসেবে ব্যবহার করা হয়েছে, যা আরবি ভাষার মূল্যায়ন বা যাচাইমূলক পরীক্ষা বুঝায়। আপনি যখন এ পরীক্ষায় অংশ গ্রহণ করে কৃতকার্য হবেন, তখন ও তদপরবর্তীতে উচ্চতর লেখাপড়া, নিয়োগ ও পদোন্নতি পেতে এবং নতুন কিছু অর্জন করতে এগিয়ে থাকবেন। তাই (التنال) শব্দটির ব্যবহার এখানে যথাযথ ও গ্রহণযোগ্য বলে বিবেচিত।
- আরব ও অনারব সবার আরবি ভাষার দক্ষতা মূল্যয়নের জন্য (التنال) শব্দটি ব্যবহর হচ্ছে।
- ইংরেজি উচ্চারণে TANAL: Test of Native and Non Native Arabic Language Learners

আত-তানাল আরবি মূলত কী?

আত-তানাল হল আরবি ভাষা দক্ষতা যাচাই এর একটি ফ্রেমওয়ার্ক যা ইউরোপীয় বিভিন্ন ভাষার মূল্যায়ন পদ্ধতি যেমন, TOEFL, DELF-DALF চাইনিজ ভাষা মূল্যায়ন পদ্ধতি যেমন HSK এছাড়াও জাপানিজ ভাষা মূল্যায়ন পদ্ধতি যেমন JLPT এর আদলে প্রণীত। এটি আরবি ভাষার যোগ্যতা ও দক্ষতা যাচাই পরীক্ষা। এই পরীক্ষা ভাষার সার্বজনীন জ্ঞানকে উন্নত করার লক্ষ্যে আরবি ভাষাভাষী এবং অন্যান্য ভাষাভাষী যারা তাদের নিজ দেশে আরবি ভাষা শিখেছেন তাদের জন্য তৈরি করা হয়েছে। এই পরীক্ষার উদ্দেশ্য হল ভাষাগত বাঁধা দূর করা এবং অন্যান্য ভাষার সংমিশ্রণ রোধ করা। প্রকৃত পক্ষে আরব বলতে কোনো নির্ধারিত জাতি বুঝায় না বরং যিনি এ ভাষায় কথাবার্তা বলেন ও চর্চা করেন তিনিই আরব।

আত-তানাল এর ভিশন

"আরবি ভাষা-পরিচয়ের রক্ষক, সভ্যতার মাতৃসনদ, ঐতিহ্যের সংরক্ষণকারী। মিডিয়া, সংস্কৃতি, রাজনীতি, শিক্ষা, বিনিয়োগ, যোগাযোগ, প্রচলন এবং ভাষা শিক্ষাদান ও শিখনের মাধ্যমে একটি জ্ঞানসমৃদ্ধ প্রজন্মের নির্মাণই আমাদের লক্ষ্য।"

আত-তানাল এর মিশন

"আরবি ভাষার সংরক্ষণ ও প্রচার-প্রসারের লক্ষ্যে ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক, সরকারি, বেসরকারি, জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রচেষ্টা একত্রিত করে একটি সুবিন্যস্ত ও কার্যকর কাঠামো তৈরি করা। আমাদের লক্ষ্য একটি সুসংগঠিত প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলা, যা পরিকল্পিতভাবে ভাষার বিকাশ, গবেষণা এবং সম্প্রসারণ নিশ্চিত করতে সক্ষম হবে।

আত-তানাল এর উদ্দেশ্য

- আরব বিশ্বকে পুরোপুরি আরবিকরণ করা।
- আরবি ভাষার সঠিক ব্যবহার ও জীবনের সকল ক্ষেত্রে এর সঠিক প্রয়োগ নিশ্চিতকরণ।
- আরবি ভাষার মধ্যমে জ্ঞানার্জন ও পারস্পরিক যোগাযোগ সহজতর করা।
- আরবি ভাষার সঠিক ও সাবলীল ব্যবহার নিশ্চিতকরণ।

আত-তানাল থেকে যারা উপকৃত হবেন

- দেশবিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অধ্যাপনার ক্ষেত্রে নিয়োগের পূর্বে এবং নিয়োগ পরবর্তী পদোন্নতির জন্য 'আত-তানাল' এর আরবি ভাষা দক্ষতার আন্তর্জাতিক সার্টিফিকেটকে শর্ত হিসেবে নির্ধারণ করা এর গুরুত্ব ও গ্রহণযোগ্যতাকে প্রতিফলিত করে।
- বিভিন্ন দেশে সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে কর্মকর্তা ও প্রশাসক নিয়োগ ও পদোন্নতির জন্য এ সনদের শর্তারোপ করা হয়।
- ইমাম, খতিব ও ধর্মীয় বক্তাদের নিয়োগ, পদোন্নতি ও পেশা চর্চার ক্ষেত্রে এ সনদের শর্তারোপ করা হয়।
- রেডিও, টেলিভিশনসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিয়োগ ও পেশাগত কার্যক্রমের ক্ষেত্রে 'আত-তানাল' আরবি ভাষা দক্ষতা সনদকে শর্ত হিসেবে নির্ধারণ করা হয়।
- আইনজীবী, প্রকৌশলী ও চিকিৎসক এবং ঐ সকল লোক যারা আরব দেশে কাজ করতে আগ্রহী তাদের জন্য এ সনদের শর্তারোপ করা হয়।
- বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি প্রতিনিধিদের কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে এ সনদের শর্তারোপ করা হয়।

আত-তানাল পরীক্ষার উদ্দেশ্য

- **আরবি ভাষার মর্যাদা ও স্বতন্ত্রতা বজায় রাখার জন্য:** আরবি ভাষা আমাদের পরিচয়, এই বিশ্বাস থেকেই এই পরীক্ষা।
- **আরব শীর্ষ সম্মেলনের সিদ্ধান্ত:** আরব শীর্ষ সম্মেলনের (৭ম, ৮ম, ৯ম ও ১০ম অধিবেশন) সিদ্ধান্তের আলোকে সমাজকে জ্ঞান ও শিক্ষার দিকে ধাবিত করার লক্ষ্যে TOEFL-এর আদলে একটি মানসম্মত আরবি ভাষা দক্ষতা পরীক্ষা পদ্ধতি প্রণয়ন করা। এর উদ্দেশ্য হলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি নির্ভরযোগ্য মূল্যায়ন কাঠামোর মাধ্যমে আরবি ভাষা শিক্ষার মান উন্নয়ন ও বিস্তৃত করা।
- **উচ্চ শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত দরজা:** উচ্চশিক্ষার্থীদের জন্য গবেষণা, অধ্যয়ন এবং মাস্টার্স ও পিএইচডি পর্যায়ে থিসিস লেখার ক্ষেত্রে আরবি ভাষায় দক্ষতা অপরিহার্য। এজন্য একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রমিত ভাষা পরীক্ষা প্রয়োজন, যা শিক্ষার্থীদের ভাষাগত যোগ্যতা মূল্যায়ন করবে এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে তাদের জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে।

'আত-তানাল' এর কর্মপরিধি

১. আরর-অনারবদের জন্য আরবি ভাষায় ভাষাগত পরীক্ষা প্রণয়ন করা।
২. ভাষাগত পরীক্ষার জন্য পাঠ্যক্রম তৈরি করা।
৩. ভাষাগত যোগ্যতার যাচাই ও মূল্যায়ন।
৪. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানোন্নয়ন।
৫. শিক্ষক, প্রশিক্ষক, তত্ত্বাবধায়ক, আইনজীবী, পেশাজীবী, সাংবাদিকসহ সবাইকে আরো যোগ্য করে তোলার জন্য ভাষাগত প্রশিক্ষণ কোর্স আয়োজন।

আত-তানাল আরবি কিছু বৈশিষ্ট্য

- আত-তানাল এর শিকড়, আত্মা, এবং গঠনশৈলী সবই আরবি ভাষায় নিবিষ্ট। এর প্রতিটি স্তর, মৌলিক ধারণা, এবং লক্ষ্য আরবির সঙ্গে গভীরভাবে সংযুক্ত। তবে, আত-তানাল কোনো প্রতিদ্বন্দ্বী নয়, কারও বিরোধিতাও করে না; এটি শুধুমাত্র আরবি ভাষার সংরক্ষণ, প্রসার এবং উৎকর্ষ সাধনের জন্য নিবেদিত।
- আত-তানাল আরবদের জন্য আরবি প্রচারের ক্ষেত্রে আরবি ভাষার স্থলে অন্য ভাষার প্রতিস্থাপন, বর্জন ও কোণঠাসা করার উৎসগুলো কমিয়ে আনার ক্ষেত্রে সচেষ্ট।
- আত-তানাল বিশ্বাস করে জ্ঞান কেবল জানার জন্য নয়; বরং দক্ষতা অর্জন, কাজের প্রয়োগ, সমাজের সেবা, অংশগ্রহণ এবং আত্মোন্নয়নের জন্য। এই দৃষ্টিভঙ্গির আলোকে জীবনের প্রতিটি স্তরে অর্থবহ শিক্ষা নিশ্চিত করতে আত-তানাল প্রতিজ্ঞাবদ্ধ।।
- আত-তানাল আরবি ভাষাকে আমাদের সাংস্কৃতিক ও আত্মপরিচয়ের প্রতীক হিসেবে দেখে। এটি দীন ও দুনিয়ার জ্ঞান অর্জনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। আরবি কোনো নির্দিষ্ট জাতি, সম্প্রদায় বা বিশ্বাসের মধ্যে সীমাবদ্ধ নয়; বরং এটি মানবতার জন্য সহযোগিতার আহ্বান জানায়, এবং আমরা এটিকেই আত-তানালের মূল নীতি হিসেবে বিবেচনা করি।

- আত-তানাল আরবি ভাষার প্রতি ভালোবাসা বাড়ানো এবং আরবি বর্ণমালা, উচ্চারণ ও পাঠে একনিষ্ঠতা তৈরি করার লক্ষ্য নিয়ে কাজ করে। এটি আরবদের ভাষার প্রতি গভীর আবেগ ও শ্রদ্ধাশীল মানসিকতা গড়ে তুলতে চায়।।
- স্থানীয় পার্যায়ে, জাতীয় ও আন্তর্জাতিকভাবে জীবনের প্রতিটি ক্ষেত্রে আরবি ভাষার মান-সম্মান, প্রতিপত্তি ও নেতৃত্ব বজায় রাখার জন্য অগ্রণী ভূমিকা পালন করার আশা ব্যক্ত করে আত-তানাল।।
- আত-তানাল এমন মূল্যায়ন কাঠামো তৈরি করে, যেখানে মানদণ্ড নিখুঁত থাকে, প্রশ্ন বোঝা সহজ হয় এবং মূল্যায়ন প্রক্রিয়া হয় স্বচ্ছ ও বস্তুনিষ্ঠ।।
- বিতর্কিত বিষয়াদি, কাল্ট মতাদর্শ, নির্দিষ্ট পোশাকাদি এসব যা মানব অনুভূতিতে বিরূপ প্রভাব ফেলে, সেগুলো থেকে আত-তানাল নিজেকে দূরে রাখে।
- আত-আনাল এমন কোনো শব্দ, বাক্য, আলোচনা, পরিভাষা, রূপকার্থ ব্যবহার থেকে দূরে অবস্থান করে, যেগুলো থেকে ধর্মীয়, রাজনৈতিক, দলীয় ও জাতীয় কোনো চিন্তাধারার উন্মেষ ঘটে থাকে।
- "জ্ঞান মানুষের মাঝে বন্ধন তৈরি করে।"- এ নীতির অনুসরণে অন্যান্য জাতির ভাষা প্রচার ও সংরক্ষণের অভিজ্ঞতা থেকে উপকৃত হয় আত-তানাল।
- পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নে, প্রতিশব্দ, বাক্য ও অনুচ্ছেদ চয়নে খুব বেশি সতর্ক থাকে আত-তানাল; যাতে প্রশ্নগুলো থাকে মূল্যবোধ উদ্দীপ্ত, উচ্চমান সম্পন্ন, ধ্বংস নয় নির্মাণ এবং বিভক্তি নয় একত্রীকরণ—এসব নীতিতে উজ্জ্বল।
- ভাষার দক্ষতা তথা ধ্বনি, শব্দাবলি, বাক্য, পরিভাষা, শ্রবণ দক্ষতা, পঠন দক্ষতা, শ্রুতিলিপি, বিরাম চিহ্ন ও আরব সমাজে প্রচলিত ভুল বিষয়াদির মৌলিক কাঠামোকে প্রশ্নপত্রে সন্নিবেশিত করে থাকে আত-তানাল। তাছাড়া কথন ও লিখন দক্ষতাও রয়েছে।
- আত-তানালের পরীক্ষা পরিকল্পিতভাবে ইলেকট্রনিক মাধ্যমে নেয়া হয় বলে লেখার কলম ও মুছার রাবারের ব্যবহার নাই। পরীক্ষার সাথে-সাথেই ফলাফল প্রকাশিত হয়ে থাকে।
- এ পরীক্ষার মাধ্যমে অর্জিত সনদের বৈধতার মেয়াদ চার বছর।

আত তানাল প্রকাশনা ও প্রশিক্ষণ

পরীক্ষার সিলেবাস ও সনদায়ন



আত'তানাল আল-একাডেমি: আরবি ভাষায় উচ্চতর শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য

তানাল আল-ওয়াফিদ: কর্মজীবী প্রবাসীদের জন্য

তানাল আল-লাব্বাইক: হজ্ব- উমরাকারীদের জন্য

তানাল আস-সাফীর: আরব বিশ্বে অনারব দূতাবাসে কর্মকর্তাদের জন্য

ভাষা প্রশিক্ষণ প্যাকেজ

১. নাহু প্যাকেজ
২. সরফ প্যাকেজ
৩. বানান প্যাকেজ
৪. সাংবাদিক প্যাকেজ
৫. আইনজীবি প্যাকেজ
৬. প্রচলিত ভুল প্যাকেজ
৭. ইমাম, খতিব ও বক্তা প্যাকেজ

আত-তানাল কোর্স সমূহ

১. শিক্ষক প্রশিক্ষণ ও যোগ্যতা প্যাকেজ
২. শিখন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদের প্রশিক্ষণ প্যাকেজ
৩. শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের প্রশিক্ষণ প্যাকেজ
৪. প্রশিক্ষকদের প্রশিক্ষণ অনুশীলন-প্রশিক্ষণ প্যাকেজ
৫. ভাষা পরিমাপ ও মূল্যায়ন বা পরীক্ষার প্যাকেজ
৬. পাঠ্যক্রম তৈরি ও উন্নয়ন প্যাকেজ
৭. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মান সম্পন্ন পাঠ বিষয়ক প্যাকেজ
৮. ভাষা দক্ষতার কার্যকরী পাঠদান বিষয়ক প্যাকেজ
৯. বৈজ্ঞানিক গবেষণা পদ্ধতি প্যাকেজ (আমেরিকান ফিলোসফিক্যাল অ্যাসোসিয়েশনের সিস্টেম) (APA)

আত-তানাল কর্তৃক প্রণীত বিভিন্ন গ্রন্থাবলী

১. ইলমুন নাহু,
২. ইলমুস সরফ,
৩. শ্রুতিলিপি ও বিরামচিহ্ন
৪. প্রচলিত ভুল
৫. ইলমুল বালাগাহ
৬. অভিধান
৭. ইলমুল আরুয ওয়াল কাফিয়া (কবিতা ও ছড়ার নীতিমালা)।
৮. শ্রবণ দক্ষতা ও বক্তৃতা
৯. পঠন দক্ষতা
১০. অনুচ্ছেদ লিখন
১১. রচনা লিখন
১২. সাহিত্য মূলপাঠের স্বাদ
১৩. জাহিলি যুগের সাহিত্য
১৪. ইসলামি ও উমাইয়া যুগের সাহিত্য
১৫. আব্বাসি যুগের সাহিত্য
১৬. আন্দালুস যুগের সাহিত্য
১৭. আধুনিক আরবি সাহিত্য
১৮. প্রাচীন ও আধুনিক সাহিত্য সমালোচনা
১৯ উসমানি যুগের সাহিত্য

আত-তানালকে প্রত্যায়নকারী সংস্থা সমূহ

১. আরব বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশন

২. জর্ডান ন্যাশনাল টেস্টিং সেন্টার

৩ . উচ্চশিক্ষার স্বীকৃতি ও গুণগত মান নিশ্চিত করণে কমিশন জর্ডান,

৪. আরবি ভাষা সমিতি, মালোয়েশিয়া

৫. ALTE (Association of Language Testers in Europe)

৬. আরব লীগ এডুকেশন কালচার এবং সাইন্টিফিক অরগানাইজেশন (ALECSO)

৭. জর্ডানের কয়েকটি বিশ্ববিদ্যালয়:

ক. ইয়ারমুক বিশ্ববিদ্যাল

খ. আল ইসরা বিশ্ববিদ্যালয়-

গ. হাশিমি বিশ্ববিদ্যালয়

ঘ. হিদায়া বিশ্ববিদ্যালয়

ঙ. উন্মুক্ত আরবি বিশ্ববিদ্যালয়

আত-তানাল এর সাথে সমঝোতা চুক্তিবদ্ধ দেশ ও সংস্থাসমূহ

- ফিলিস্তিন রাষ্ট্র আত-তানাল এর পরীক্ষা ও প্যাকেজ গ্রহণ করেছে।
- জর্ডানের উচ্চ শিক্ষা মন্ত্রনালয় থেকে জর্ডানের বিশ্ববিদ্যালয়গুলোকে পরীক্ষার উদ্দেশ্যে ও এর বাস্তবায়ন পদ্ধতি ব্যাখ্যা করে প্রজ্ঞাপন জারি করেছে।
- আরব স্টেটস লীগের সংস্কৃতি বিভাগ আত-তানালের কার্যক্রম গ্রহণের জন্য আরব লীগ কাউন্সিলে জমা দিয়েছে।
- মরক্কো, সিরিয়া, আলজেরিয়া, মিশর ও জর্ডানের শিক্ষক প্রতিনিধিদের সাথে খসড়া চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তাছাড়া জর্ডানের সরকারী-বেসরকারী কিছু বিশ্ববিদ্যালয়ের সাথে চুক্তি হয়েছে।
- মিশরের কয়েকটি বিশ্ববিদ্যালয় (আসিয়ুট বিশ্ববিদ্যালয়, সুয়েজ ক্যানাল বিশ্ববিদ্যালয়, সুহাজ বিশ্ববিদ্যালয়, কায়রো বিশ্ববিদ্যালয়ের ভাষা কেন্দ্র) আরবি ভাষা পরীক্ষাকে অনুমোদন করেছে।
- এই পরীক্ষা আরব, ইসলামিক এবং বিদেশি অনেক দেশে স্বীকৃত হয়েছে (যেমন: জর্ডান, মিশর, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, তুরস্ক, চীন, ইরান, নাইজেরিয়া, আইভরি কোস্ট, প্যালেস্টাইন, সংযুক্ত আরব আমিরাত, লেবানন, মরিতানিয়া, আলজেরিয়া, সুদান, ইরাক, কুয়েত, মরক্কো, ভারত, ইয়েমেন, লিবিয়া, সেনেগাল)।
- মিশরে শিক্ষক নিয়োগের জন্য আরবি ভাষা পরীক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।



আন্তর্জাতিক কার্যালয়

আম্মান, জর্ডান · 9090 801 79 962+ ,6623 505 79 962+ · www.attanalalarabi.com · info@attanalalarabi.com

বাংলাদেশ কার্যালয়

ইলাননূর ইনস্টিটিউট [অনুমোদিত পরীক্ষাকেন্দ্র ও বাংলাদেশ প্রতিনিধি]

বাড়ি ৫, রোড ৪, ব্লক জে (উত্তর), বারিধারা, গুলশান, ঢাকা

০১৪০৭০৭০২৬৪, ০১৪০৭০৭০২৭০ www.ilannoor.institute fb/ilannoor.ins

পরীক্ষার তারিখ, ফি, সংক্রান্ত তথ্য জানতে স্ক্যান করুন:

জিজ্ঞাসা ও যোগাযোগ

পরীক্ষার্থী নির্দেশিকা

التنال العربي

ilannoor Edification